যুগান্তর
তারিখ ... পৃষ্ঠা ৭ কলাম ৪
SEP. 18 2007

# শাবি শাহপরান হলে ছাত্রদলের দু'গ্রুপে সংঘর্ষ ভাংচুর : আহত ৫

সিলেট ব্যুরো/শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শাহপরান হলে গতকাল মঙ্গলবার বিবদমান ছাত্রদলের দু'গ্রুপের কয়েক দফা হামলা-পাল্টা হামলার ঘটনা ঘটেছে। ছাত্রদলের ফাহিম ও আদিব গ্রুপের মধ্যে এ ঘটনা ঘটে। হামলা ও পাল্টা হামলায় উভয় গ্রুপের পাঁচজন আহত হয়। আহতদের মধ্যে তিনজনের অবস্থা আশংকাজনক। তাদেরকে সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ সময় উত্তেজিত ছাত্রদল কর্মীরা শাহপরান হলের প্রতিপক্ষ গ্রুপের পাঁচটি কক্ষ ভাংচুর এবং আসবাবপত্র তছনছ

শাবি : পৃষ্ঠা : ১৫ কলাম : ৪



সংঘর্ষের পর পুলিশ প্রহরায় শাবির শাহপরান হল (বাঁয়ে); প্রতিপক্ষের দখলীকৃত কক্ষের তালা ভাঙছেন প্রক্টর (মাঝে) ও আহত (উপর থেকে) জসিম, আবু নাসের ও পলাশ -যুগান্তর

## শাবি : সংঘর্ষ

(১ম পৃষ্ঠার পর)

র। হল প্রশাসন, পুলিশ প্রশাসন ও ত্রদল নেতৃবৃন্দের হস্তক্ষেপে পরিস্থিতি ময়িক নিয়ন্ত্রণে আসে। ক্যাম্পাসে বপুলসংখ্যক পুলিশ মোতায়েন রয়েছে। আগামীকাল থেকে শুরু হওয়া সব বর্ষের সেমিস্টার ফাইনাল পরীক্ষা ছাত্রদলের অভ্যন্তরীণ সংঘর্ষের কারণে অনিশ্চিত হয়ে পড়েছে।

গতকাল ভোর ৪টা ও সকাল ১১টায় দু'দফা হামলা-পাল্টা হামলার ঘটনা ঘটে। দুপুর সাড়ে ১২টার দিকে পুলিশ গিয়ে শাহপরান হলের উত্তপ্ত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ছাত্রদলের একাংশ দাবি করেছে, অনুষ্ঠিতব্য সম্মেলনকে কেন্দ্র করে এ ঘটনা ঘটেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনলেও আবারও সহিংস ঘটনার আশংকায় শাহপরান হল ও ক্যাম্পাসে দু'শতাধিক পুলিশ মোতায়েন রয়েছে। প্রথম দফা হামলার ঘটনায় ছাত্রদলের হাসানুজ্জামান পলাশ, জসিম উদ্দিন ও আবদুল্লাহ আবু নাসের প্রতিপক্ষের ছুরিকাঘাতে গুরুতর আহত হয়। দ্বিতীয় দফা সংঘর্ষ চলাকালে হল প্রভোস্ট ড. হাবিবুল আহসান হলে নিজ কক্ষেই অবস্থান করছিলেন। এক গ্রুপের ছাত্রদল কর্মীরা প্রতিপক্ষ গ্রুপের ২১২ ও ২১৪ নং কক্ষ ব্যাপক ভাংচুর করে। দুপুর পৌনে ১২টার দিকে সিলেটের এডিশনাল এসপি আবদুল মান্নান, আবদুল্লাহ আল মামুন ও এএসপি সার্কেল খন্দকার নাজিম আহমদ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

ছাত্রদলের ফাহিম গ্রুপ দাবি করেছে অবৈধভাবে রুম দখল করে ওরা হলের অভ্যন্তরে ত্রাসের সৃষ্টি করেছে। তবে আদিব গ্রুপ ঘটনার জন্য ফাহিম গ্রুপকে দায়ী করেছে। আরও সংঘর্ষের আশংকায় শাহপরান হল গেট ও বিশ্ববিদ্যালয়ের মূল গেটে দু'শতাধিক পুলিশ মোতায়েন করা হয়েছে।

এদিকে প্রক্টর ও প্রভোস্ট দীর্ঘদিন ধরে অবৈধভাবে ছাত্রদল নেতাদের দখল করা শাহপরান হলের ২৩০, ২০৫ ও ২০৬ নম্বর কক্ষ দখলমুক্ত করেন। ছাত্রদল নেতৃবৃন্দ তাদের সহযোগিতা করেন। প্রক্টর ড. গোলাম আলী হায়দার চৌধুরী জানান, উপাচার্য ও উপ-উপাচার্য ঢাকায় রয়েছেন। তারা ফিরে এলে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।

### ছাত্রদলের জরুরি সভা

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শাহপরান হলে ছাত্রদলের বিবদমান দু'গ্রুপে সংঘর্ষের ঘটনায় শাবি ছাত্রদলের অপর একটি গ্রুপ উদ্বেগ প্রকাশ করেছে। তারা বলেছে, বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় ছাত্রদলের কর্মী সম্মেলন। এ ব্যাপারে কেন্দ্রীয় নেতারাও আসছেন ক্যাম্পাসে। এ মুহূর্তে উত্তেজনা বাড়াতে ছাত্রদল নামধারীরা ষড়যন্ত্র চালাচ্ছে।' ছাত্রদলের এক জরুরি সভায় তারা দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন। সভায় বক্তব্য রাখেন ছাত্রদল নেতা রেজা শরীফ কামাল, নূরে আলম পারভেজ, মোঃ আলতামাসুল ইসলাম শামীম, ইমরান আহমদ, রিয়াজুল ইসলাম, মোস্তাফিজুর রহমান শাকিব, নিজার আহমেদ, মাহফুজুর রহমান, শাহিদুল ইসলাম প্রমুখ।